DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:57 PM

আন্তর্জাতিক

# কানাডা-তুরস্কের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৯ জুলাই ২০২৬, ০১:১৮ PM



কানাডা ও তুরস্ক আনুষ্ঠানিকভাবে একটি মুক্ত বাণিজ্য চুক্তি (Free Trade Agreement-FTA) নিয়ে আলোচনা শুরু করেছে। দুই দেশের সরকারের যৌথ ঘোষণায় জানানো হয়েছে, এই চুক্তির মাধ্যমে দ্বিপাক্ষিক বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা আরও গতিশীল করা হবে।

কানাডার প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, এর আগে দুই দেশের বাণিজ্যমন্ত্রীদের মধ্যে প্রাথমিক আলোচনা হলেও এবার আনুষ্ঠানিক আলোচনা শুরু হয়েছে। আগামী কয়েক মাসের মধ্যে উভয় দেশের কারিগরি দল প্রথম দফার আলোচনার প্রস্তুতি নেবে এবং চুক্তির পরিধি ও লক্ষ্য নির্ধারণ করবে।

সম্ভাব্য চুক্তিতে পণ্য ও সেবার বাণিজ্য সহজীকরণ, বিনিয়োগ বৃদ্ধি, সরবরাহ শৃঙ্খল শক্তিশালী করা এবং জ্বালানি, খনিজ, মহাকাশ ও উন্নত প্রযুক্তি খাতে সহযোগিতা বাড়ানোর বিষয়গুলো গুরুত্ব পাবে। উভয় দেশই মনে করছে, এই উদ্যোগ তাদের অর্থনৈতিক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাবে।

অন্যদিকে তুরস্কে ন্যাটো সম্মেলনে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি ঘোষণা দেন, বৈশ্বিক প্রতিরক্ষা খাতে দীর্ঘমেয়াদি ও স্বল্প ব্যয়ের অর্থায়ন নিশ্চিত করতে কানাডার  উদ্যোগে নতুন আন্তর্জাতিক ডিফেন্স, সিকিউরিটি অ্যান্ড রেজিলিয়েন্স ব্যাংক (DSRB) গঠন করবে যেখানে নয়টি দেশ আনুষ্ঠানিকভাবে প্রতিশ্রুতি দিয়েছে।

প্রাথমিকভাবে এই উদ্যোগে যুক্ত হওয়া দেশগুলো হলো: কানাডা, আলবেনিয়া, বেলজিয়াম, গ্রিস, লাটভিয়া, লুক্সেমবার্গ, রোমানিয়া, তুরস্ক এবং ইউক্রেন।

প্রস্তাবিত ব্যাংকটির সদর দপ্তর কানাডায় স্থাপনের পরিকল্পনা রয়েছে। এর মাধ্যমে প্রতিরক্ষা প্রকল্পে সহজ ঋণ, ঋণ গ্যারান্টি এবং শিল্প খাতে বিনিয়োগের সুযোগ তৈরি হবে।


লক্ষ্য হচ্ছে মিত্র দেশগুলোর প্রতিরক্ষা উৎপাদন সক্ষমতা বৃদ্ধি করা এবং নিরাপত্তা অবকাঠামো শক্তিশালী করা। ব্যাংকটি প্রায় ১৩৪ বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল সংগ্রহের লক্ষ্য নিয়ে ২০২৭ সালের মধ্যে কার্যক্রম শুরু করতে চায়।

---


এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**
ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**
ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**
আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/kanada-tursker-mdhje-mukt-banij-chukti-nije-alochna